ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

ANTI-CORRUPTION
**Investigative Journalism**
AWARDS 2026

# দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার ২০২৬

দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা পুরস্কার ২০২৬ প্রদানের জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে পরিচালিত সংবাদপত্র, অনলাইন সংবাদমাধ্যম ও টিভি চ্যানেলে কর্মরত সাংবাদিকদের কাছ থেকে দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন আহ্বান করছে। জমাকৃত প্রতিবেদন অনুসন্ধানী সাংবাদিকতার মৌলিক শর্তাবলী পূরণসাপেক্ষে মূল্যায়নের জন্য বিবেচিত হবে। ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ সময়কালে প্রকাশিত বা প্রচারিত প্রতিবেদনসমূহ থেকে টিআইবির বোর্ড অব ট্রাস্টিজকর্তৃক মনোনীত সম্পূর্ণ নিরপেক্ষ বিচারকমণ্ডলীর মূল্যায়নে নিম্নোক্ত বিভাগসমূহে সেরা প্রতিবেদন পুরস্কারের জন্য বিবেচিত হবে।

## সংবাদপত্র (জাতীয়)

রাজধানী ঢাকা থেকে বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে পরিচালিত যে কোনো বাংলা ও ইংরেজি দৈনিক সংবাদপত্র, সাময়িকী এবং অনলাইন সংবাদমাধ্যমে প্রকাশিত অনুসন্ধানী প্রতিবেদন।

### পুরস্কার

বিজয়ীকে ১,২৫,০০০ (এক লাখ পঁচিশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

**১,২৫,০০০ ৳**

## সংবাদপত্র (আঞ্চলিক)

রাজধানী ঢাকা ব্যতীত দেশের যে কোনো অঞ্চল থেকে বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে পরিচালিত বাংলা ও ইংরেজি দৈনিক সংবাদপত্র, সাময়িকী এবং অনলাইন সংবাদমাধ্যমে প্রকাশিত অনুসন্ধানী প্রতিবেদন।

### পুরস্কার

বিজয়ীকে ১,২৫,০০০ (এক লাখ পঁচিশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

**১,২৫,০০০ ৳**

## টেলিভিশন (প্রতিবেদন)

বিটিভিসহ বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে পরিচালিত বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রচারিত অনুসন্ধানী সংবাদ প্রতিবেদন (আইপি টিভি কিংবা টেলিভিশনের শুধুমাত্র ডিজিটাল মাধ্যমে প্রচারিত প্রতিবেদন পুরস্কারের জন্য বিবেচিত হবে না)।

### পুরস্কার

বিজয়ীকে ১,২৫,০০০ (এক লাখ পঁচিশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

বিজয়ী প্রতিবেদনের ভিডিওচিত্র ধারণে ক্যামেরাপার্সনের অনবদ্য ভূমিকা থাকলে বিচারকমণ্ডলীর সুপারিশের ভিত্তিতে তাঁকে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

**১,২৫,০০০ ৳**

## টেলিভিশন (প্রামাণ্য অনুষ্ঠান)

বিটিভিসহ বাংলাদেশি মালিকানাধীন এবং বাংলাদেশ থেকে পরিচালিত বেসরকারি টিভি চ্যানেলসমূহে অথবা সংশ্লিষ্ট টেলিভিশনের নাম ও লোগোযুক্ত প্রাতিষ্ঠানিক ডিজিটাল মাধ্যমে প্রচারিত অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠান (ডকুমেন্টারি)।

### পুরস্কার

বিজয়ী অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠানকে (ডকুমেন্টারি) ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হবে। প্রামাণ্য অনুষ্ঠান নির্মাণে সংশ্লিষ্ট প্রতিবেদক, উপস্থাপক ও ক্যামেরাপার্সনদের আলাদাভাবে সম্মাননাপত্র প্রদান করা হবে।

**১,৫০,০০০ ৳**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# নিয়মাবলী

প্রতিবেদন জমা দেওয়ার আগে নির্দিষ্ট নিয়মাবলী সতর্কতার সঙ্গে পড়ুন

- জমা দেওয়া প্রতিবেদন/প্রামাণ্য অনুষ্ঠান অনুসন্ধানী সাংবাদিকতার মৌলিক শর্তাবলী পূরণ করতে হবে।

ইউনেস্কো, গ্লোবাল ইনভেস্টিগেটিভ জার্নালিজম নেটওয়ার্ক (জিআইজেএন), সেন্টার ফর ইনভেস্টিগেটিভ জার্নালিজম (সিআইজে), ডাচ-ফ্লেমিশ অনুসন্ধানী সাংবাদিকতা সংঘ (ভিভিওজে)-সহ পেশাদার সাংবাদিকরা একমত যে অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে নিম্নলিখিত মূল উপাদানসমূহ নিশ্চিত করতে হবে-

**অনুসন্ধানী সাংবাদিকতার উপাদান**

- পদ্ধতি বা পরিকল্পনামাফিক (সিস্টেম্যাটিক) অনুসন্ধান;
- গভীর (ইন-ডেপথ) ও মৌলিক অনুসন্ধান;
- বিশ্লেষণাত্মক ও কোনো একটি বিষয়কে তলিয়ে দেখা;
- জনস্বার্থ এবং সামাজিক ন্যায়বিচার ও জবাবদিহি মূল বিবেচ্য ধরে গোপন তথ্য উন্মোচন;
- স্বচ্ছ, সত্য/তথ্য-নির্ভর; এবং
- সততা ও নির্ভরযোগ্যতা।

**অনুসন্ধানী সাংবাদিকতার উপাদান নয়**

- তথ্য কেনা, বেআইনিভাবে টেলিফোন ও কম্পিউটার হ্যাক করা বা অন্যান্য অনুরূপ পদ্ধতিতে সংগৃহীত তথ্য (শুধুমাত্র জরুরি জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়ের ক্ষেত্রে ব্যতিক্রম হতে পারে);
- স্কুপ বা লিক জার্নালিজম (কোনো নথি ফাঁস বা কোনো স্বার্থের দ্বন্দ্বে পুষ্ট ব্যক্তির দেওয়া চমকপ্রদ তথ্য প্রকাশ)।

- প্রত্যেক বিভাগে একটি করে পৃথকভাবে মোট চারটি পুরস্কার প্রদান করা হবে; তবে কোনো বিভাগে বিচারকমণ্ডলীর বিবেচনায় পুরস্কার প্রদানযোগ্য কোনো প্রতিবেদন বা প্রামাণ্য অনুষ্ঠান পাওয়া না গেলে, সে বিভাগে পুরস্কার প্রদান করা হবে না;
- সকল অনুসন্ধানী প্রতিবেদন ও প্রামাণ্য অনুষ্ঠান (ডকুমেন্টারি) নির্ধারিত ফরম্যাট ও নিয়ম মেনে শুধুমাত্র **https://ti-bangladesh.org/ija** এই ঠিকানায় অনলাইনে জমা দেওয়া যাবে। **সশরীরে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিস বা ইমেইলের মাধ্যমে পাঠানো কোনো প্রতিবেদন মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;**
- প্রতিবেদন জমা দেওয়ার ক্ষেত্রে অনলাইনে নির্ধারিত বিভাগের জন্য নির্দিষ্ট ফরমটি নির্বাচন করে, প্রয়োজনীয় সকল তথ্য যথানিয়মে পূরণ করতে হবে। পাশাপাশি প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ যথাস্থানে, যথানিয়মে আপলোড করতে হবে। অসম্পূর্ণ ফরম স্বয়ংক্রিয়ভাবেই জমা হবে না এবং মূল্যায়নের জন্য গৃহীত হবে না;
- প্রতিযোগী যে প্রতিষ্ঠানে থেকে প্রতিবেদন তৈরি করেছেন সেই প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রের স্ক্যান কপি অনলাইন ফরমের নির্ধারিত স্থানে যথানিয়মে আপলোড করতে হবে। প্রত্যয়নপত্রে প্রতিবেদকের নামসহ প্রতিবেদনটি কবে প্রকাশিত বা প্রচারিত হয়েছে, তা অবশ্যই সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- টেলিভিশন প্রতিবেদনের ক্ষেত্রে প্রতিবেদনটি অবশ্যই সংশ্লিষ্ট টেলিভিশনের সংবাদ বুলেটিনে প্রচারিত হতে হবে। আইপি টিভি কিংবা সংশ্লিষ্ট টেলিভিশন চ্যানেলের শুধুমাত্র ডিজিটাল মাধ্যম অথবা কোনো অনুষ্ঠানের মাঝে প্রচারিত প্রতিবেদন পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
- সিরিজ প্রতিবেদন ব্যতীত একই বিভাগে একাধিক প্রতিবেদন জমা দেওয়া যাবে না। তবে সাপোর্টিং হিসেবে প্রচারিত/প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত কোনো প্রাতিষ্ঠানিক পদক্ষেপ কিংবা ফলোআপ প্রতিবেদন জমা দেওয়া যাবে৷ যা মূল প্রতিবেদনের অংশ হিসেবেই বিবেচিত হবে। বিশেষ করে, প্রচারিত/প্রকাশিত প্রতিবেদনের প্রেক্ষিতে যেকোনো ইতিবাচক ফল বা প্রতিক্রিয়া কিংবা গৃহীত প্রাতিষ্ঠানিক পদক্ষেপ প্রযোজ্য ক্ষেত্রে জমা দেওয়া প্রতিবেদনের সাথে উল্লেখ করতে হবে। প্রামাণ্য অনুষ্ঠানের ক্ষেত্রে একই টেলিভিশন থেকে একাধিক অনুষ্ঠান জমা দেওয়া যাবে;
- টেলিভিশন বিভাগে অনুসন্ধানী প্রামাণ্য অনুষ্ঠানের (ডকুমেন্টারি) ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুষ্ঠানকে পুরস্কার প্রদান করা হবে। সংশ্লিষ্ট টেলিভিশন প্রতিষ্ঠানের প্রধান (ব্যবস্থাপনা পরিচালক/সিইও/বার্তা প্রধান/প্রধান বার্তা সম্পাদক) প্রচারিত প্রামাণ্য অনুষ্ঠানের মনোনয়ন প্রদান করবেন এবং প্রাতিষ্ঠানিকভাবে জমা দেওয়ার ব্যবস্থা করবেন;
- পাঠক/দর্শক বা আগ্রহী যে কেউ উল্লিখিত বিভাগসমূহে প্রকাশিত/প্রচারিত দুর্নীতিবিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন মনোনীত করতে পারবেন, তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিবেদকের সম্মতিপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে;
- বিজয়ী প্রামাণ্য অনুষ্ঠানের পুরস্কারের অর্থ প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমতিসাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিবেদক কিংবা প্রতিষ্ঠানের হিসাব শাখার অনুকূলে অ্যাকাউন্ট পে চেক অথবা অনলাইন ট্রান্সফারের মাধ্যমে প্রদান করা হবে। অন্য বিভাগগুলোতে বিজয়ীদের পুরস্কারের অর্থ সংশ্লিষ্ট প্রতিবেদকের নিজস্ব ব্যাংক অ্যাকাউন্টে অনলাইন ট্রান্সফার কিংবা অ্যাকাউন্ট পে চেকের মাধ্যমে প্রদান করা হবে;
- টিআইবির দুর্নীতিবিরোধী সাংবাদিকতা ফেলোশিপের অধীনে প্রস্তুতকৃত কোনো প্রতিবেদন পুরস্কারের জন্য জমা দেওয়া যাবে না এবং তা মূল্যায়নের জন্য গৃহীত হবে না।
- ২০২৪ ও ২০২৫ সালে কোনো প্রতিযোগী পর পর দু'বছর একই বিভাগে পুরস্কৃত হলে, তিনি ২০২৬ এর জন্য ঘোষিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

যথানিয়মে এবং অনুসন্ধানী সাংবাদিকতার মৌলিক শর্তাবলী পূরণ করে জমা দেওয়া প্রতিবেদন ও প্রামাণ্য অনুষ্ঠানসমূহ প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত দুর্নীতি উন্মোচনে সাফল্যের মাপকাঠিতে মূল্যায়িত হবে। এক্ষেত্রে প্রকাশিত তথ্যের বিষয়, গুরুত্ব, অনুসন্ধানের গভীরতা, পরিবেশনের ধরন ও মান এবং দুর্নীতি প্রতিরোধে সংশ্লিষ্ট প্রতিবেদন বা অনুষ্ঠানের সম্ভাব্য প্রভাব- এ বিষয়গুলো বিবেচিত হবে। টিআইবির বোর্ড অব ট্রাস্টিজকর্তৃক মনোনীত বিচারকমণ্ডলী প্রাপ্ত প্রতিবেদনগুলো মূল্যায়ন করবেন এবং এ ব্যাপারে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রত্যেক বিচারক পৃথকভাবে প্রতিটি প্রতিবেদন যাচাইয়ের পর, সর্বোচ্চ গড় নম্বরের ভিত্তিতে বিচারকমণ্ডলীর সভায় চূড়ান্ত বিজয়ী নির্ধারিত হবে। প্রতিবেদন মূল্যায়ন ও বিজয়ী নির্বাচনে টিআইবির কোনো ভূমিকা থাকে না।

**প্রতিবেদন জমা দিতে ভিজিট করুন**

https://ti-bangladesh.org/ija

**প্রতিবেদন জমা দেওয়ার শেষ তারিখ: ১৭ মে ২০২৬**

STOP CORRUPTION

যোগাযোগ: পরিচালক, আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
মাইডাস সেন্টার, লেভেল ৪ ও ৫, বাড়ি ০৫, সড়ক ২৭ (পুরাতন) ১৬ (নতুন), ধানমণ্ডি, ঢাকা ১২০৯
ফোন: +৮৮০ ২ ৪১০২১২৬৭-৬৯